

স্মারক নং-৩৩.০০.০০০০.১৩৯.১৪.০০৪.১৯-৯০

তারিখঃ ০২/০৭/২০১৯ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাবীন “মৎস্য ও প্রাণিসম্পদ খাতে ই-সেবা কার্যক্রম চালুকরণ” শীর্ষক প্রকল্পের অধীন শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদ পূরণের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। এ নিয়োগের ক্ষেত্রে প্রচলিত সরকারী বিধি-বিধান প্রযোজ্য হবে।

ক্রমিক	পদের নাম	পদ সংখ্যা	বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	হিসাবরক্ষক / একাউন্ট্যান্ট	০১ (এক) টি	গ্রেড-১৬	স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে বাণিজ্যে স্নাতক/বিবিএ ডিগ্রী। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।

শর্তাবলীঃ

১. প্রকল্প পরিচালক বরাবরে আবেদকারীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, জন্ম তারিখ, বয়স ১৭/০৭/২০১৯ খ্রি. তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বছর, মুক্তিযোদ্ধা সন্তান/পোষ্য প্রার্থীর ক্ষেত্রে বয়স ৩২ বছর) উল্লেখ করে আবেদন করতে হবে;
২. আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রসিদ ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জন্ম নিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় সকল সনদের মূল কপি দেখাতে হবে;
৩. বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংক লিঃ হতে ১০০/- (একশত) টাকা মূল্যের ট্রেজারী চালান ‘প্রকল্প পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ খাতে ই-সেবা কার্যক্রম চালুকরণ প্রকল্প, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ভবন-০৪, রুম-১০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা’ বরাবরে নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১-৪৪৪১-০০০০-২০৩১ কোডে জমা দিয়ে চালানোর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;
৪. আবেদনপত্রের সাথে ১০/- টাকার ডাক টিকিটসহ নিজ ঠিকানা সম্বলিত একটি ৯"×৪" খাম সংযুক্ত করতে হবে;
৫. আবেদনপত্র আগামী ১৭/০৭/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কুরিয়ার/ডাক যোগে পৌঁছাতে হবে। হাতে-হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না;
৬. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
৭. শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করেন; এবং
৯. নিয়োগ সংক্রান্ত আবেদন ফর্ম মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mofl.gov.bd এর **Important Link**-এ পাওয়া যাবে।



(পুলকেশ মন্ডল)
প্রকল্প পরিচালক

মৎস্য ও প্রাণিসম্পদ খাতে ই-সেবা কার্যক্রম চালুকরণ প্রকল্প
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ভবন-০৬, রুম-১৪০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোন-০২-৯৫৬১৬৭৭